



# মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

## ৪১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

**স্থান ঃ পালকীয় সেবা কেন্দ্রের হল রুম (মঠবাড়ী)**

**তারিখ ঃ ডিসেম্বর ৪, ২০১৫ খ্রীষ্টাব্দ**

**সময় ঃ সকাল ১০ঃ০১ মিনিট**

অদ্য ৪ ডিসেম্বর ২০১৫ খ্রীষ্টাব্দ রোজ শুক্রবার মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৪১তম বার্ষিক সাধারণ সভা মঠবাড়ী ধর্মপল্লীর পালকীয় সেবা কেন্দ্রের হল রুমে অনুষ্ঠিত হয়। উক্ত ৪১তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিম্নে বর্ণিত হল ঃ

**উপস্থিতি ও কোরাম ঘোষণা ঃ** ৪১তম বার্ষিক সাধারণ সভায় উপস্থীতি সদস্য-সদস্যা সংখ্যা ছিল ১২৫২ জন। ৪১তম বার্ষিক সাধারণ সভায় সদস্য-সদস্যারা যথাসময়ে উপস্থীতি হওয়াতে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত সেক্রেটারী মিঃ জেমস ডি’ রোজারিও ঠিক ১০:০০ ঘটিকায় কোরাম ঘোষণা করেন এবং ৪১তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু করেন।

**আসন গ্রহণ ও পরিচিতি পর্ব ঃ** মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত সেক্রেটারী মিঃ জেমস ডি’ রোজারিও আসন গ্রহণ এবং পরিচিতি পর্বের প্রথমে আসন গ্রহণের জন্য আহবান জানান অদ্যকার ৪১তম বার্ষিক সাধারণ সভার সভাপতি মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত চেয়ারম্যান, মিঃ শ্যামল জেমস্ রোজারিও এবং প্রধান অতিথি ও সভার মধ্যমনি জনাব মোঃ সিরাজুল ইসলাম, সচিব, নির্বাচন কমিশন সচিবালয়। আসন গ্রহণ করেন বিশেষ অতিথি শ্রদ্ধেয় ফাদার ভিনসেন্ট বিমল রোজারিও, সিএসসি পাল-পুরোহিত, মঠবাড়ী ধর্মপল্লী। আসন গ্রহণ করেন মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সকল বোর্ড অব ডিরেক্টরগণ, ক্রেডিট কমিটির সদস্যগণ ও পর্যবেক্ষণ পরিষদের সদস্যগণ। আসন গ্রহণ করেন বিশেষ অতিথি মিসেস নাছিমা শাহিন,

উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ। আসন গ্রহণ করেন মি. রবার্ট পংকজ গমেজ, চেয়ারম্যান, মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ। আসন গ্রহণ করেন মি. গাব্রিয়েল রোজারিও - প্রাক্তন প্রেসিডেন্ট - দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ ঢাকা, প্রেসিডেন্ট - ওয়াইজম্যান ক্লাব ইন্টারন্যাশনাল, ঢাকা সেন্ট্রাল। আসন গ্রহণ করেন মি. পংকজ গিলবার্ট কস্তা - প্রাক্তন চেয়ারম্যান তুমিলিয়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, প্রেসিডেন্ট - ওয়াইজম্যান ক্লাব ইন্টারন্যাশনাল, ঢাকা নর্থ। আসন গ্রহণ করেন মি. ভিক্টর শেখর রোজারিও -চেয়ারম্যান, মাল্লা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ। আসন গ্রহণ করেন বিশেষ অতিথি বাবু অমূল্য চন্দ্র দাস, চেয়ারম্যান, কবি গোবিন্দ দাস কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এবং ডিরেক্টর দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্ব)। আসন গ্রহণ করেন বিশেষ অতিথি মি. বাপ্পি মন্ডল, সেক্রেটারী, দি মেট্রোপলিটান খ্রীষ্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ, ঢাকা। আসন গ্রহণ করেন বিশেষ অতিথি এডভোকেট সিরাজ মোড়ল, চেয়ারম্যান, নাগরী ইউনিয়ন পরিষদ, নাগরী। আসন গ্রহণ করেন বিশেষ অতিথি বাবু প্রেমানন্দ কর, চেয়ারম্যান, মঠবাড়ী ব্যবসায়ী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, মঠবাড়ী। আসন গ্রহণ করেন বিশেষ অতিথি মিঃ সুবল যোসেফ গমেজ, চেয়ারম্যান, মঠবাড়ী ধর্মপল্লী খ্রীষ্টান বহুমুখী সমিতি, ঢাকা। আসন গ্রহণ করেন বাবু মনোরঞ্জন রায় - চেয়ারম্যান, মঠবাড়ী হিন্দু কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ। আসন গ্রহণ করেন মি. নিকোলাস গমেজ, প্রাক্তন চেয়ারম্যান ও বর্তমান উপদেষ্টা, মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ। আসন গ্রহণ করেন বিশেষ অতিথি মিঃ থিওফিল রোজারিও, প্রাক্তন চেয়ারম্যান এবং বর্তমান উপদেষ্টা, মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ। আসন গ্রহণ করেন মি. খ্রীষ্টফার দেশাই, প্রাক্তন চেয়ারম্যান ও বর্তমান উপদেষ্টা, মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ। আসন গ্রহণ করেন ভারপ্রাপ্ত কর্মকর্তা, কালীগঞ্জ থানা, গাজীপুর। আসন গ্রহণ করেন মো. আবুল বাশার - ব্রাঞ্চ ম্যানেজার, ট্রাস্ট ব্যাংক লিঃ, মিরেরবাজার এসএমই সার্ভিস সেন্টার। আসন গ্রহণ করেন মি. ডেভিড পি রোজারিও - চেয়ারম্যান, মাউছাইদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ।

**ব্যাজ ও ফুল দিয়ে অতিথিদের বরণ ঃ** অনুষ্ঠানের শুরুতে উদ্বোধনী নৃত্য পরিবেশন করা হয় ও জাতীয় সঙ্গীত গাওয়া হয় এবং সম্মানিত অতিথিদের ফুলের তোরা ও ব্যাজ পরিধানের মাধ্যমে ক্রেডিট ইউনিয়নের পক্ষ থেকে বরণ করে নেয়া হয়।

অতঃপর ক্রেডিট ইউনিয়নের সম্মানিত সেক্রেটারী মিঃ জেমস ডি’ রোজারিও উক্ত সভার মিনিটস্ লিপিবদ্ধ করার জন্য হাউজের পক্ষ থেকে প্রস্তাব ও সমর্থন আহবান করেন। হাউজের পক্ষ থেকে মিনিটস্ লিপিবদ্ধ করার জন্য কেউ মনোনীত না হওয়াতে ক্রেডিট ইউনিয়নের সম্মানিত সেক্রেটারী মিঃ জেমস ডি’ রোজারিও, বোর্ড ও হাউজের পক্ষ থেকে মিসেস সনজিতা রোজারিও ও লতা ইমেল্ডা রোজারিও কে ৪১তম বার্ষিক সাধারণ সভার মিনিটস্ লিপিবদ্ধ করার জন্য দায়িত্ব প্রদান করেন।

রোজারিওকে একটি লটারী কুপন তুলতে বলেন। যে লটারী কুপনটি তুলেন তার নম্বর হচ্ছে ১০০২, সদস্য নং ১৬৪, নাম ফিলিপ গমেজ, গ্রাম-মঠবাড়ী। কোরাম পূর্তি লটারীর পুরস্কার হস্তান্তর করেন বিশেষ অতিথি ফাদার বিমল ভিনসেন্ট রোজারিও সিএসসি ও সমিতির চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও, পুরস্কার হিসেবে একটি ওয়ালটন ১১ সিএফটি ফ্রিজ উপহার দেন।
লটারী ড্র এর শেষে সম্মানিত সেক্রেটারী মিঃ জেমস ডি' রোজারিও ঘোষণা দেন এখন আমাদের দুপুরের খাবারের বিরতী হবে ০২:৩০ মিনিটে আমাদের পরবর্তী কার্যক্রম শুরু হবে।

**৪০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন ঃ** সম্মানিত চেয়ারম্যান, মিঃ শ্যামল জেমস্ রোজারিও উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সম্মানিত সেক্রেটারী মিঃ জেমস ডি রোজারিও কে বিগত বার্ষিক সাধারণ সভায় মিনিটস্ অনুমোদনের জন্য হাউজের কাছে প্রস্তাব করতে বলেন।
সেক্রেটারী মিঃ জেমস ডি' রোজারিও ৪০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী হাউসের কাছে উপস্থাপন করেন এবং কোন প্রশ্ন আছে কিনা জানতে চান।
মি. সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং ৬৪০ বলেন, প্রতিবেদনের মধ্যে বিভিন্ন উপ-কমিটি তৈরীতে সিনিয়ারিটি মেন্টেন করলে ভাল হবে। কমিটিতে যারা সদস্য রয়েছে তারা যেন অবশ্যই সমিতির সদস্য হয় এবং ডিফল্টার কোন সদস্য যেন কমিটিতে একটিভ না রাখা হয়। মি. রঞ্জন পেরেরা, সদস্য নং ১৪৯৩ বলেন, কমিটির সদস্যরা যেন একটি কমিটিতে অন্তর্ভুক্ত থাকেন। তারা অন্য কমিটিতে যেন না থাকেন।
মি. পল ডি' কস্তা সদস্য নং ১২১৯ বলেন, এজিএম মিনিটস্ যেন এত বিস্তারিত না হয়, সংক্ষিপ্ত হলে ভাল হবে।
মি. রবার্ট পংকজ গমেজ, সদস্য নং ৯৭৭ বলেন, এজিএম যেহেতু ভিডিও করা হয় তাই মিনিটস্ শুধু সিদ্ধান্ত আকারে সংক্ষিপ্ত করলে হবে।
মি. সুব্রত মাইকেল রোজারিও, সদস্য নং ৯৩৯ বলেন, কোন সদস্য কিছু বলতে চাইলে যেন সঠিক ভাবে বলে বিক্ষিপ্ত ভাবে যেন না বলে।
মি. সোহেল রোজারিও, সদস্য নং ২১৩৬ বলেন, মিনিটস্ এ যেন কোন বাজে উক্তি না থাকে।
মি. সোহেল রোজারিও, সদস্য নং ২১৩৬ এর প্রস্তাব ও মিঃ দিলিপ জেভিয়ার পেরেরা এর সমর্থনে ৪০তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী গৃহিত হয়।

**পরিচালকমন্ডলীর প্রতিবেদন পেশ ও অনুমোদন ঃ** সম্মানিত সভাপতির অনুমতিক্রমে ৪১তম বার্ষিক সাধারণ সভার পরিচালকমন্ডলীর প্রতিবেদন উপস্থাপন করেন সম্মানিত সেক্রেটারী মি. জেমস ডি' রোজারিও। সেক্রেটারী মিঃ জেমস ডি' রোজারিও উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদনে কোন প্রশ্ন আছে কিনা জানতে চান।
মি. শিমুল গমেজ, সদস্য নং ১২০৫ বলেন, পৃষ্ঠা অনুযায়ী আলোচনার প্রস্তাব রাখেন।
মিঃ পল ডি' কস্তা, সদস্য নং ১২১৯ বলেন, ডিফল্টারদের ঋণ নিয়মিত করার জন্য গ্রাম ভিত্তিক যে কমিটি গঠন করা হয়েছে তা সমর্থন করেন। শিক্ষা বৃত্তি উদ্যোগটি আরো ফলপ্রসূ করতে হবে। তাদেরকে ক্রেডিটের অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। দিলিপ জেভিয়ার পেরেরা, সদস্য নং ৯৭০ বলেন, শিক্ষাবৃত্তি ৩০০০০.০০ টাকা দেয়া হয়েছে। মিশনের যুবকদের খেলাধূলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে সাহায্য করতে হবে। মৃত ব্যক্তি সৎকারের জন্য ৩০০০.০০ টাকা থেকে ৫০০০.০০ টাকা দেয়ার প্রস্তাব রাখেন।
সোহেল রোজারিও, সদস্য নং ২১৩৬ বলেন, মৃত ব্যক্তির সৎকারের জন্য ৫০০০.০০ টাকা প্রস্তাব রাখেন। রিপোর্টে নিবার্চনের কোন বিষয় আসেনি। ভাসানিয়াতে কালেকশন বুথ করা হয়েছে আমরা খুশি আছি। কুলুনে কালেকশন বুথ করার প্রস্তাব রইল। সঞ্চয়ী হিসাবধারীদের খাদ্য কূপন দিলে ভাল হবে। আগামী অর্থবছরে ব্যয় সংকোচন করতে হবে।
চেয়ারম্যান মি. শ্যামল জেমস রোজারিও বলেন

- খেলাপী ঋণগুলি তাড়াতাড়ি ফেরত পাব বলে আশা করি।
- শিক্ষা বৃত্তি ব্যাপক ভাবে করার চিন্তা আছে। যুবকদের এগিয়ে নেয়ার জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করতে চাই।
- মৃত ব্যক্তি সৎকারের জন্য হাউসের প্রস্তাব ৫০০০.০০ টাকা সবার সমর্থনে গ্রহণ করা হলো। কুলুন গ্রামে কালেকশন বুথ করা হবে।
- বাজেট সংকুলান হলে সঞ্চয়ী হিসাবধারীদের খাবার দেয়া হবে।

**জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশন ঃ** ৪১তম বার্ষিক সাধারণ সভায় জাতীয় পতাকা উত্তোলন করেন সভার প্রধান অতিথি জনাব মো: সিরাজুল ইসলাম, সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং সমবায় পতাকা উত্তোলন করেন ক্রেডিট ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও। জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের সময় সকলে দাঁড়িয়ে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন এবং জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শন করেন।

**পবিত্র বাইবেল পাঠ ও প্রারম্ভিক প্রার্থনা ঃ** ৪১তম বার্ষিক সাধারণ সভায় পবিত্র বাইবেল থেকে পাঠ করেন সম্মানিতা ডিরেক্টর মিসেস পুষ্প ক্রুশ, মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এবং প্রার্থনা পরিচালনা করেন মঠবাড়ী ধর্মপল্লীর পাল-পুরোহিত ফাদার ভিনসেন্ট বিমল রোজারিও সিএসসি।

**মৃত সদস্য-সদস্যাদের আত্নার কল্যাণে নীরবতা পালন ঃ** প্রারম্ভিক প্রার্থনার পরপরই সম্মানিত সেক্রেটারী মি জেমস ডি রোজারিও'র আহবানে মৃত সদস্য-সদস্যাদের আত্নার কল্যাণে দাঁড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়।

**ভুল সংশোধন ঃ** মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত সেক্রেটারী মিঃ জেমস ডি' রোজারিও ৪১তম বার্ষিক সাধারণ সভার প্রতিবেদনে অনিচ্ছাকৃত ও মুদ্রণ জনিত ভুল সংশোধন করে নেয়ার জন্য হাউজের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সংশোধনীগুলো নিম্নরূপঃ

০১. ১ নং পৃষ্ঠায় প্রথম লাইনে বিজ্ঞপ্তী এর পরিবর্তে **বিজ্ঞপ্তি** হবে, আলোচ্যসূচী ১ নং সূচীতে (গ) নম্বরে ব্যাচ এর পরিবর্তে ব্যাজ হবে, আলোচ্যসূচী ১৩ নং সূচীতে সম্মননা এর পরিবর্তে হবে সম্মাননা।

০২. ৩য় পৃষ্ঠায় লভ্যাংশ প্রদান একুশ লাইনে পুনঃ তফসিল এর পূর্বে **ঋণ** পুনঃ তফসিল হবে, শেষ লাইনে মাঠবাড়ী এর পরিবর্তে **মঠবাড়ী** হবে।

০৩. ৪র্থ পৃষ্ঠায় উপদেষ্টা পরিষদ এর ৫ নম্বরে মিসেস বেনেডিক্টা গমেজ এর পরিবর্তে **মিস্** বেনেডিক্টা গমেজ হবে।

৫. ৬ষ্ঠ পৃষ্ঠায় ছাত্র ও যুব বিষয় উপ-কমিটি ২ নম্বরে মিঃ পাপড়ী রোজারিও এর পরিবর্তে **মিসেস** পাপড়ী রোজারিও হবে এবং ৫০ নম্বরে মিঃ প্রজ্ঞা গমেজ এর পরিবর্তে **মিস্** প্রজ্ঞা গমেজ হবে।

৬. ৭ম পৃষ্ঠায় প্রোডাক্ট ডেভেলপমেন্ট উপ-কমিটি ৪র্থ নম্বরে মিঃ নরিন এম ক্রুশ এর পরিবর্তে **মিসেস** নরিন এম কস্তা হবে ক্রয় উপ-কমিটি ১ নং কলামে মিঃ রনু মাইকেল রোজারিও এর পরিবর্তে মিঃ রনু মাইকেল **গমেজ** হবে এবং নীচে শ্যামল জেমস্ রোজারিও এর পরিবর্তে শ্যামল জেমস্ রোজারিও হবে।

৭. ১২ পৃষ্ঠায় শেষ লাইনে চেয়াম্যান এর পরিবর্তে **চেয়ারম্যান** হবে।

৮. ১৫ পৃষ্ঠায় ৫ম, ১৪তম, ১৫তম লাইনে ঠধপপরহব (ফ্রন্ট ভেঙ্গে গেছে) এর পরিবর্তে **vaccine** শব্দটি হবে।

৯. ১৬ পৃষ্ঠায় ১০তম লাইনে ওহাবংঃসবহ (ফ্রন্ট ভেঙ্গে গেছে) এর পরিবর্তে **Investment** শব্দটি হবে।

১০. ২৪ পৃষ্ঠায় ৭ম লাইনে কমকর্তা এর পরিবর্তে কর্মকর্তা হবে, ১০ম লাইনে মাইছাইদ এর পরিবর্তে **মাউছাইদ** হবে।

১১. ৪০ পৃষ্ঠায় নীচে চেয়াম্যান এর পরিবর্তে **চেয়ারম্যান** হবে।

১২. ৪২ পৃষ্ঠায় প্রাপ্তি ও প্রদান হিসাবে মূলধন জাতীয় প্রদান সাইডে ২০ নং হেড লভ্যাংশ প্রদান ২০১৪-১৫ এর পরিবর্তে লভ্যাংশ প্রদান **২০১৩-১৪** হবে।

১৩. ৪৪ পৃষ্ঠায় নীচে থেকে অবচয় সমূহ ৪র্থ হেড অফিস বিল্ডিং ১০% এর পরিবর্তে অফিস বিল্ডিং **২০%** হবে এবং নীচে টাকার দুই পাশের কলামে **মোট** শব্দটি যুক্ত হবে।

১৪. ৪৫ পৃষ্ঠায় সম্পদ ও সম্পত্তি সাইডে প্রথম টাকার হেড জমিঃ প্রকল্প নং ০১ এর পরে **পূর্বজের** শব্দটি যুক্ত করতে হবে। ৪৬ পৃষ্ঠায় উদ্ধৃত্ত পত্র শেষ দুই পাশের কলামে **মোট** শব্দটি যুক্ত করতে হবে।

১৫. ৫০ পৃষ্ঠায় নীচে থেকে ৫ নং হেড স্মরনিকার বিজ্ঞাপন বাবদ আয় এই হেডটি বাদ দিতে হবে।

১৬. ৬০ পৃষ্ঠায় উপ-বিধি সংশোধন নীচে ..চেয়াবম্যান এর পরিবর্তে **চেয়ারম্যান** হবে।

**চেয়ারম্যানের শুভেচ্ছা বক্তব্য ঃ** ৪১তম বার্ষিক সাধারণ সভার সম্মানিত সভাপতি এবং মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও শুভেচ্ছা বক্তব্যে বলেন বার্ষিক সাধারণ সভা হচ্ছে সদস্যদের মিলন মেলা। প্রথমেই সৃষ্টিকর্তাকে ও ফাদার লরেন্স এল গ্রেনারকে স্মরণ করেন এবং সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। এরপর তিনি স্বাগত বক্তব্য পাঠ করে শোনান।

মিঃ সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং ৬৪০ বলেন, সঞ্চয়ী এবং স্কীম সদস্যদের খাবার প্রদান করা হউক। মেধার ভিত্তিতে যেন শিক্ষা বৃত্তি প্রদান করা হয় এবং রেজাল্ট ভিত্তিক বৃত্তি প্রাপ্তদের বৃত্তি প্রদান করা হউক।
চেয়ারম্যান বলেন বাজেট সংকুলান হলে সবাই খাদ্য কুপন পাবে । তবে প্রোডাক্ট ওয়াইজ ১জন ।
লিটন ক্রুশ, সদস্য নং ১৮৭০ বলেন শুধু জিপিএ ৫ নয় মেধার ভিত্তিতে বৃত্তি প্রদান করলে ভাল হবে ।
চেয়ারম্যান বলেন, ভাইস-চেয়ারম্যানের দায়িত্বে বৃত্তি প্রদান কার্যক্রম চলবে ।
রিচার্ড রোজারিও, সদস্য নং ১৮৭০ বলেন, ২০ কোটি টাকার তারল্য রয়েছে তার পরিবর্তে ঋণ থেকে বের হয়ে বিনিয়োগ মূখী প্রোডাক্ট নিতে হবে ।

মি. উইলসন রিবেরু, সদস্য নং- ১৯৭৯ বলেন, জের ঋণ যেন কমিয়ে দেয়া হয়, ঋণ নিরাপত্তা স্কীম বাড়িয়ে ১,০০,০০০.০০ থেকে ২,০০,০০০.০০ করা হোক।
মি. রতন ক্লেমেন্ট গ্রেগরী, সদস্য নং- ২১০১ বলেন বিদেশে যাওয়ার ঋণের খাতগুলো যথোপযুক্ত ভাবে বিচার বিশ্লেষণ করতে হবে। ব্যবসায়ী ঋণ প্রদানের ক্ষেত্রে সহযোগী হবেন। নীতিমালা প্রয়োজন হলে নতুন ভাবে করে নেন।
মি. বকুল রোজারিও, সদস্য নং ১০৭০ বলেন ২৪ পৃষ্ঠায় নারী দিবস উদ্‌যাপন করা হয়েছে সেখানে পাল-পুরোহিত প্রধান অতিথি ও সভাপতির নাম সংযোজন করলে ভাল হতো। জরায়ু ক্যান্সার ও এইচআইভি এর ভ্যাকসিন চালু রাখার প্রস্তাব করেন।
চেয়ারম্যান বলেন,

- জের ঋণ নিয়ম অনুযায়ী প্রদান করা হবে। প্রয়োজনে নীতি মালা কারেকশন করতে হবে।
- ঋণ নিরাপত্তা স্কীম অবশ্যই ২,০০,০০০/= টাকা করা হবে। ব্যবসায়ী ঋণ যোগোপযোগী ঋণ দেয়া হবে। নতুন প্রোডাক্ট নেয়া হবে।
- আমাদের বিভিন্ন অনুষ্ঠানের রেকর্ড গুলো সঠিকভাবে রাখতে হবে এবং এজিএম রিপোর্টে সঠিক ভাবে দিতে হবে।
- জরায়ু ক্যান্সার ও ভ্যাকসিন বাজেট অনুযায়ী চলবে।

মি. সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং ৬৪০ বলেন, ঋণ নিরাপত্তা স্কীম আগামী জানুয়ারী ২০১৬ থেকে কার্যকর করার প্রস্তাব রাখেন এবং ফান্ড পর্যাপ্ত থাকলে যারা নিয়মিত ঋণের কিস্তি দিচ্ছে তাদের বোনাস এর ব্যবস্থা করতে পারেন।
মি. খ্রীষ্টফার দেশাই, সদস্য নং ১৬ বলেন, পিএসসি, জেএসসি ও এসএসসি সম্মাননা প্রদান করা ভাল। ঋণ দেয়ার আগে চিন্তা করতে হবে কাকে এবং কোন খাতে ঋণ দিচ্ছি। ঋণ পরিশোধের জন্য যেন ঋণ দেয়া না হয়।
মি. মানিক পিউরীফিকেশন, সদস্য নং ৯৬৫ বলেন, স্বাস্থ্য সেবা প্রকল্পে যেন মহিলা ডাক্তার নিয়োগ দেয়া প্রস্তাব রাখেন।
মি. শিমুল গমেজ, সদস্য নং ১২০৫ বলেন, শিক্ষা বৃত্তি ৩০,০০০.০০ টাকা দেয়া হয়েছে কিন্তু শিক্ষা উপ-কমিটি সদস্যরা জানেনা তাই শিক্ষা বৃত্তির টাকা কাকে দিবে তা যেন উপ-কমিটি সিদ্ধান্ত মোতাবেক হয়। বিদেশে উচ্চ শিক্ষা ঋণের সুদ ১৫% না নিয়ে ১২% করা হলে ভাল হবে। অফিস বিল্ডিং নির্মাণের জন্য প্রায় ২ কোটি ৭৫ লক্ষ টাকা অনুমোদন দেয়া হয়েছে, এই ব্যয় কিভাবে হবে তা সবার সম্মুখে আনতে হবে।

মি. উইলসন রিবেরু, সদস্য নং ১৯৭৯ বলেন, ৬ তলা বিল্ডিং এর কোন তলায় কি হবে তার সঠিক চিত্র দিতে হবে। নতুন বিল্ডিং তৈরী করতে যেন কোন ভূলভ্রান্তি না হয়।

চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন
- মেধা ভিত্তিক সম্মাননা দেয়া হবে।
- খেলাপী ঋণ উত্তোলনের বিশেষ ব্যবস্থা গ্রহণ করবো।
- ঋণ দেয়ার ক্ষেত্রে অবশ্যই যাচাই বাছাই করবো।
- পরবর্তীতে মহিলা ডাক্তারের প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়ে আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হবে।
- শিক্ষা ঋণের সুদ ১২% ঋণ ফেরত দিতে পারবে।
- ৬ তলা ভবনের ফাউন্ডেশন হবে এবং এখন ৩ তলা নির্মাণ করা হবে।

**সম্মানিত অতিথিদের বক্তব্য পর্ব ঃ** সভাপতির বক্তব্যের পরপরই সেক্রেটারী মিঃ জেমস ডি' রোজারিও প্রথমেই বক্তব্য দেয়ার জন্য আহবান জানান সম্মানিত বিশেষ অতিথি, মিঃ সুবল যোসেফ গমেজ, চেয়ারম্যান, মঠবাড়ী ধর্মপল্লী খ্রীষ্টান বহুমূখী সমিতি, ঢাকা। তিনি উপস্থিত সকলকে মঠবাড়ী ধর্মপল্লী খ্রীষ্টান বহুমূখী সমিতির পক্ষ থেকে সমবায়ী প্রীতি ও শুভেচ্ছা জানান। প্রথমত তিনি সভাপতির বক্তব্যের মধ্যে ১৬ কোটি টাকা ডিফল্টার কথা উল্লেখ করেন এবং সমিতি ১৬ কোটি টাকার আয় হতে বঞ্চিত হচ্ছে। এই টাকা কিভাবে রিকভারি করা যায় তার উদ্যোগ নিতে হবে এবং যারা ঋণ খেলাপি রয়েছেন তাদের অনুরোধ করেন তাড়াতাড়ি ঋণ নিয়মিত করার জন্য। দ্বিতীয়ত বলেন সমিতির বর্তমান চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এবং আমার নিজের নামে ও অনেকের নামে থানায় মিথ্যা জিডি করা হয়েছে তা দুপক্ষের আলোচনার মাধ্যমে তাড়াতাড়ি মিমাংসা করার অনুরোধ করেন। নিজেদের মধ্যে কোন সমস্যা না রেখে সমাধান করার কথা বলে তার বক্তব্য শেষ করেন।

মাননীয় প্রধান অতিথি জনাব মোঃ সিরাজুল ইসলাম, সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তিনি সবাইকে শুভেচ্ছা জানান। তিনি বলেন নিজের এলাকায় প্রধান অতিথি হিসেবে আসতে পেরে খুব খুশি হয়েছি। তিনি তার ছোট বেলার কিছু স্মৃতি চারণ করেন এবং পুরানো কিছু স্মৃতির কথা মনে পরে বৈশাখী মেলা, প্রাইমারী স্কুল, হাইস্কুল। তিনি বলেন সমবায় এর মধ্যে একটি কথা আছে ঋণ। এই সমিতি শুধু ঋণের মধ্যে সীমাবদ্ধ নেই তারা নারীদের নিয়ে অনেক উন্নয়নমূলক কাজ করছে। সমবায় হলো বিনিয়োগের জায়গা লাভজনক খাতে বিনিয়োগ করতে হবে। শুধু লাভ পাব এই আশা নিয়ে বিনিয়োগ করলে হবেনা। ৫৪ কোটি টাকা সমিতির মূলধন রয়েছে এর মধ্যে ১৬ কোটি টাকা খেলাপী রয়েছে সমিতিতে এটি একটি বড় সমস্যা তা রিকভারী করতে হবে। এক সংসারে থাকলে অনেক ধরনের সমস্যা হয় তাই কেউ সংসার ছেড়ে যায়না, তাই যে সমস্যা রয়েছে তা নিজেদের মধ্যে সমাধান করতে হবে। সবাইকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শেষ করেন এবং সভাপতি সমিতির পক্ষে প্রধান অতিথিকে ক্রেষ্ট প্রদান করেন।

বিশেষ অতিথি মিঃ রবার্ট পংকজ গমেজ, চেয়ারম্যান, মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, তিনি তার সমিতির পক্ষ থেকে সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন আজকের দিনে সব সদস্যদের কথা বলা উচিত এবং সবার অভিযোগ থাকলে তা উপস্থাপন করা। আমাদের পারস্পারিক নেটওয়ার্ক এর মাধ্যমে বিনিয়োগ বাড়াতে হবে। তিনি বলেন আমাদের ক্ষুদ্র ব্যবসায়ী সমিতিতে অনেক নতুন প্রোডাক্ট শুরু হয়েছে, সমবায় বাজার শুরু হয়েছে, এখান থেকে আমরা সব বাজার করতে পারবো। বিভিন্ন উন্নয়ন কার্যক্রম এর মধ্যে দুগ্ধ খামার প্রকল্প রয়েছে এবং হোম ডেলিভারীর ব্যবস্থা রয়েছে এছাড়া ভূমি প্রকল্প রয়েছে, ই-মার্কেটিং রয়েছে। ৫৫ কোটি টাকা মঠবাড়ী লোকদের জন্য অনেক টাকা এই অর্থ বিনিয়োগের সঠিক উপায় বের করতে হবে। মঠবাড়ীকে আধুনিকতার ছোয়ায় সাজানোর লক্ষে দৃঢ়তার সাথে এগিয়ে যেতে হবে। আজকের সভায় কিছু সিদ্ধান্ত গ্রহণ করার প্রস্তাব করেন সমিতির মঙ্গলার্থে সবাইকে শেষ পর্যন্ত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি বাবু প্রেমানন্দ কর, চেয়ারম্যান, মঠবাড়ী ব্যবসায়ী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ তিনি তার সমিতির পক্ষ থেকে সবাইকে সমবায়ী শুভেচ্ছা জানিয়ে বলেন যারা ঋণ খেলাপী রয়েছেন তাদের উদ্দেশ্যে বলেন তারা যেন তাড়াতাড়ি তাদের ঋণ নিয়মিত করেন এবং বোর্ড কর্মকর্তাদের বলেন কাকে ঋণ দিচ্ছেন তা যেন ক্ষতিয়ে দেখে ঋণ অনুমোদন করেন। সবাইকে ধন্যবাদ জানিয়ে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি মিঃ পংকজ গিলবার্ট কস্তা, প্রাক্তন চেয়ারম্যান, তুমিলিয়া খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সবাইকে শুভেচ্ছা জানান। মঠবাড়ী এজিএম ব্যতিক্রমি হওয়ায় পছন্দ হয়। মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ ৬.৬৯% লভ্যাংশ প্রদান করেছে তার জন্য সাধুবাদ জানান। ২২০০ সদস্যের সমিতিতে ৫৫ কোটি টাকা মূলধন এটা অনেক কিছু, তবে ১৬ কোটি টাকা ডিফল্ট তা দুঃখ জনক। নতুন টাকা পুরাতন টাকাকে বাজার থেকে তাড়িয়ে দেয় তেমনি পুরাতন লোকদের নতুনরা তাড়িয়ে দেয় এটাই নিয়ম। আধুনিক নগরায়নে নতুন আবাসন প্রক্রিয়ায় নতুন বাসিন্দাদের সুযোগ দিতে হবে। আশেপাশে ও ঢাকা ক্রেডিটসহ সমস্ত সমবায়ের সাহায্যে আর্থিক সহযোগিতা নিয়ে খ্রিস্টান সদস্যদের সম্মতি গ্রহণ করে খ্রিস্টান বসতি স্থাপনের লক্ষে কাজ করতে হবে। সবাইকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি মিঃ মোস্তাফিজুর রহমান, অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানা, সবাইকে নমস্কার জানিয়ে বলেন উপস্থিত হতে দেরী হয়েছে বলে দুঃখিত। এই সমিতির সদস্যদের উদ্দেশ্যে বলেন কম সুদে ঋণ নিয়ে আপনারা এগিয়ে যান, জীবন মান উন্নয়ন করুন। আপনারা যখনই আমাদের কাছে আইনি সহায়তা চান আমরা সব সময় আপনাদের সাহায্য করতে প্রস্তুত আছি। সারা দিন সময় দিব আপনাদের সাথে এই বলে তার বক্তব্য শেষ করেন।

- কমার্শিয়াল কমপ্লেক্স ভবন নির্মাণ অবশ্যই প্রক্রিয়াধীন থাকবে।
- এ্যাপার্টমেন্ট বিল্ডিং এর জন্য সার্ভে করে শুরু করবো।

মি. পল ডি' কস্তা, সদস্য নং ১২১৯ বলেন,
- এইচডিএস এর বিপরীতে ঋণ নিরাপত্তা স্কীম ২,০০,০০০.০০ টাকা করলে লাভ বা ক্ষতি হয় তা দেখতে হবে।
- স্থায়ী আমানত অবশ্যই দীর্ঘমেয়াদী ঋণের ৫ ও ১০ বছরের ডায়াগ্রামে দিলে ভাল হবে।
- দীর্ঘমেয়াদী ঋণের ক্ষেত্রে সঠিক তথ্য জেনে ঋণ প্রদান করবেন।
- ক্রেডিট বিল্ডিং যেন বহুমূখী ব্যবহার উপযোগী হয়।
- এপার্টমেন্ট করার জমি যেন বাউন্ডারী ভিতরের জমি না হয় অন্য জমি কিনে করবেন। এই জমিতে শুধু সমিতির কার্যক্রম চলবে।

মি. রিকি রোজারিও, সদস্য নং ২৮০১ বলেন, ভাসানিয়া জাগ্রত যুব সংঘকে সাহায্য করেছেন ধন্যবাদ এবং মঠবাড়ীর সকল যুবকার্যক্রমকে যেন আরও বাড়িয়ে সহযোগিতা করার প্রস্তাব রাখে।

মি. রতন গ্রেগরী, সদস্য নং ২১০১ বলেন, সদস্য সংখ্যা বৃদ্ধির জন্য কাজ করতে হবে। অফিস লেনদেনের সময় সূচী ৯:০০ থেকে ৪:০০ পর্যন্ত করলে ভাল হবে। নির্বাচনের বাজেট সংযোজন করার প্রস্তাব রাখেন।
মি. রিচার্ড রোজারিও, সদস্য নং ২০৬০ বলেন, এমআইসিআর চেকের বিপরীতে ঋণ প্রদান করা হোক।
মি. লেনার্ড রোজারিও, সদস্য নং ২৩২৪ বলেন, সমিতির নামে একটি ওয়েবসাইট খোলার প্রস্তাব রাখেন।
মি. লিটন রিচার্ড ক্রুশ, সদস্য নং ১৮৭০ বলেন, ব্যাংকের সুদ কমে যাওয়ায় আমাদের ক্রেডিটের সুদ যেন না কমে। আমাদের ভবনটি ৬ তলা না হয়ে ১০ তলা হলে আরও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠতো।
মি. দিলিপ পেরেরা, সদস্য নং ৯৭০ বলেন, জামিনদারের সংখ্যা কমে যাওয়ায় ১২টি থেকে ১৫টি দেয়ার সুযোগ দিলে ভাল হবে। শিশু স্কীম ডিফল্ট হলে চালু করার সময় একটু বাড়িয়ে দিলে ভাল হবে।
মি. সোহেল রোজারিও, সদস্য নং ২১৩৬ বলেন, অফিস ভবন অবশ্যই ৬ তলা বাস্তবায়ন করবেন। ১৬ কোটি টাকা ডিফল্টারদের নিয়ে কাজ করার জন্য লোক নিয়োগ করতে হবে।

চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন
- আমাদের এইচডিএস লোণ প্রক্রিয়া এখন চালু হয়নি হলে আমরা দেখবো ঋণ নিরাপত্তা স্কীম ২,০০,০০০.০০ টাকা দেয়া যায় কিনা।
- অফিস লেনদেনের টাইম ২:৩০ পর্যন্ত করার চিন্তা করবো।
- জামিন ১৫ করার সিদ্ধান্ত বাদ দেয়া হয়। বিকল্প জামিন, কি দেয়া যায় তা চিন্তা করবো।
- খেলাপী ঋণ আদায়ের লোক জানুয়ারীতে নিয়োগ দিবো।
মি. রিচার্ড রোজারিও সদস্য নং ২০৬০ এর প্রস্তাব এবং সোহেল রোজারিও সদস্য নং ২১৩৬ এর সমর্থনে পরিচালকমন্ডলীর প্রতিবেদন গৃহিত ও অনুমোদিত হয়।

**বার্ষিক আর্থিক প্রতিবেদন পেশ ও অনুমোদন ঃ** অত্র ক্রেডিটের সম্মানিত ট্রেজারার মিঃ রনু মাইকেল গমেজ মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর পক্ষ থেকে সমবায়ী শুভেচ্ছা জানান। তিনি হাউসের উদ্দেশ্যে বলেন, যেহেতু সম্পূর্ণ প্রতিবেদনটি পঠিত বলে ধরে নেয়া হয়েছে তাই এই আর্থিক প্রতিবেদনের উপর কারো কোন প্রশ্ন থাকলে করার আহবান জানান।
মি. রিচার্ড রোজারিও, সদস্য নং ২০৬০ প্রস্তাব করেন, ৪১ পৃষ্ঠার চিএটি যেন গ্রাফ বা চিত্রের সাহায্যে দেখানো হয়।
মি. পল ডি' কস্তা, সদস্য নং ১২১৯ বলেন বড় কাজ করার আগে যেন এজিএম পাশ করিয়ে নেয়ার প্রস্তাব রাখেন।
বেতন ও প্রভিডেন্ট ফান্ড এই হেড গুলি যেন কমিয়ে আনা হয়।
- নির্বাচনী ও শপথ গ্রহণ খরচ কমাতে হবে।
- স্কীম হতে আয় যেন নির্ধারিত হেডে যায় এবং বিবিধ আয় কমাতে হবে।
- নমিনেশন পেপার বিক্রি ৪৬,০৫০.০০ টাকা দেখানো হয়েছে কিভাবে। রাউন্ড ফিগার আসার কথা ।
- সদস্যদের রিবেট ও ডিভিডেন্ট বেশী করে দিতে হবে।

বিশেষ অতিথি জনাবা নাসিমা শাহীন, থানা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, তিনি সভাপতি ও প্রধান অতিথি এবং উপস্থিত সবাইকে শুভেচ্ছা প্রদান করে বলেন ব্যবস্থাপনা কমিটিকে ধন্যবাদ জানান তাকে কথা বলার সুযোগ দেয়ার জন্য। ফাদার চার্লস জে ইয়াং এর নেতৃত্বে ১৯৬২ সালে দক্ষ, সৎ ও মেধাবী কর্মকর্তাদের নিয়ে এই সমিতি গঠিত হয়েছে খুব ভাল উদ্দেশ্য নিয়ে। সদস্যরা যে উদ্দেশ্যে ঋণ নিয়ে থাকে সেই টাকা যেন সেই উদ্দেশ্যেই ব্যবহার করে, এই ক্রেডিট ইউনিয়নের প্রকৃত মালিক হচ্ছে সকল সদস্যগণ, সুতরাং তাদের বিভিন্ন প্রশিক্ষণ দিয়ে ঋণ প্রদান করিলে ভাল হবে। সবাইকে ধন্যবাদ দিয়ে তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি মিঃ শেখর ভিক্টর রোজারিও, চেয়ারম্যান, মাল্লা খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন মানুষ সৃষ্টির সেরা জীব হিসেবে তাই তার দায়িত্ব বেশী। নতুন পরিচালনা পরিষদ এসেছে আমরা চাইবো বিগত বোর্ড কাজ করতে গিয়ে যে সমস্ত ভূল ক্রুটি বা অসঙ্গতি ছিল বর্তমান বোর্ড তা যেন না করেন। সবাই মিলে একত্রে কাজ করতে হবে এই সমিতি আমাদের। আমরা সবাই এই সমিতির ভাল- মন্দ চিন্তা করবো।

বিশেষ অতিথি মিঃ ডেভিড প্রবিন রোজারিও, চেয়ারম্যান, মাউছাইদ কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, তিনি বলেন এই সমিতির বর্তমানে প্রায় ৫৪ কোটি টাকা ক্যাপিটাল রয়েছে যা সত্যিই আনন্দদায়ক। আজ এই এজিএম থেকে সিদ্ধান্ত নিতে হবে সমিতিকে দ্বিগুণ গতিতে এগিয়ে নিয়ে যেতে হবে।

বিশেষ অতিথি মিঃ নিকোলাস গমেজ, প্রাক্তন চেয়ারম্যান ও বর্তমান উপদেষ্টা মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, তিনি বলেন বাইবেলের মতে সবাইকে অন্তর থেকে ভালবাসতে হবে অর্থাৎ সর্বপ্রথম নিজেকে সূচী করে সকলের সাথে হাত মিলিয়ে সামনে এগিয়ে যেতে হবে, অন্যের সুখে সুখী হতে হবে। এই সমিতি সুন্দরভাবে এগিয়ে যাক সবাইকে ধন্যবাদ দিয়ে তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি মিঃ গাব্রিয়েল রোজারিও, প্রাক্তন প্রেসিডেন্ট, দি খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ ঢাকা ও প্রেসিডেন্ট, ওয়াইজম্যান ক্লাব ইন্টারন্যাশনাল, ঢাকা সেন্ট্রাল, তিনি সবাইকে শ্রদ্ধা সহকারে কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন রবার্ট পংকজ গমেজের কথা, তিনি যে বিভিন্ন প্রজেক্টের কথা বলেছেন সম্মিলিত প্রচেষ্টা থাকলে আমরা উন্নয়ন করতে পারবো। মঠবাড়ীতে অনেক উন্নয়নের সুযোগ রয়েছে। আমাদের টাকা আমাদের কাছে থাকবে, আমাদের পক্ষে এখন স্কুল, কলেজ, হসপিটাল গড়ে তোলা সম্ভব। আমরা অনেক প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন কর্মসংস্থানের ব্যবস্থা করার চেষ্টা করব। আমাদের কোন ছাত্র যেন পিছিয়ে না পরে। এখন শুধু প্রয়োজন সমন্বয় সাধনের মাধ্যমে সঠিক কার্যক্রম শুরু করা। এই ক্রেডিট ইউনিয়ন দিয়ে আমরা অনেক দূর এগিয়ে যেতে পারবো বলে তিনি তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি মি. ইম্মানুয়েল বাপ্পি মন্ডল, সেক্রেটারী, দি মেট্রোপলিটান খ্রিস্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ, তিনি বলেন এই ক্রেডিটের কর্ম এলাকা পূর্বাচল উপশহরের কাছাকাছি হওয়ায় এটি একটি স্যাটেলাইট সিটি হিসেবে গড়ে তোলা সম্ভব। আমাদের সবার একত্র থাকতে হবে। আমরা হাউজিং থেকে যতদূর সম্ভব সহযোগিতা করবো এই বলে তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি মিঃ সঞ্জিত লিও গমেজ, সেক্রেটারী দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ লিঃ (কাক্কো) তিনি বলেন কাক্কোর উদ্দেশ্য হলো খ্রিস্টান ক্রেডিট ইউনিয়নগুলি একসাথে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করা। ঢাকা ক্রেডিটের সহায়তায় তারা এগিয়ে যেতে চান পাশাপাশি অন্যান্য সমিতির অংশগ্রহণ তাদের প্রয়োজন রয়েছে। আমাদের খ্রিস্টান সমিতিগুলোকে একত্রে থাকতে হবে। অনলাইনের মাধ্যমে আমাদের সব গুলি ক্রেডিটের চিত্র তুলে ধরতে হবে। কাক্কোকে সহযোগিতা দিয়ে সামনে এগিয়ে নিয়ে যাবার কথা বলে তার বক্তব্য শেষ করেন।

বিশেষ অতিথি শ্রদ্ধেয় ফাদার বিমল ভিনসেন্ট রোজারিও, পাল-পুরোহিত, মঠবাড়ী ধর্মপল্লী, তিনি সমবায়ী শুভেচ্ছা জানিয়ে বলেন ঈশ্বর যেমন তার সৃষ্টি দেখে সবকিছুকেই উত্তম বলেছেন তেমনি ফাদার চালস্ জে ইয়াং এর উদ্যোগে সৃষ্ট ক্রেডিট ইউনিয়ন সত্যিই উত্তম হয়েছে। তিনি ক্রেডিটকে তুলনা করেছেন নুনের সাথে লবনাক্ততা যেমন পচন রক্ষা করে তেমনি ক্রেডিট ইউনিয়নের সততা দিয়ে সমাজের সমস্ত পচন দূর করতে পারে। তিনি সবাইকে ধন্যবাদ জানান আজকের এই সভায় অংশগ্রহণ করার জন্য সবাই ভাল থাকেন এই কামনায় তার বক্তব্য শেষ করেন।

সম্মানিত সেক্রেটারী মিঃ জেমস্ ডি' রোজারিও বলে এখানেই আমাদের বক্তৃতা পর্ব শেষ করছি এখন আমাদের মধ্যে কোরাম পূর্তি লটারী ড্র হবে এবং তা পরিচালনা করবে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত ভাইস চেয়ারম্যান মিঃ রতন রোনাল্ড রিবেরু। মিঃ রতন রোনাল্ড রিবেরু সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার বিশেষ অতিথি পাল-পুরোহিত শ্রদ্ধেয় ফাদার বিমল ভিনসেন্ট

- পাওনা ঋণ যেন প্রদান থেকে আদায় বেশী হয় সেদিকে খেয়াল রাখতে হবে।
- রিপোর্ট যেন সংক্ষিপ্ত হয়।

চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন
- গ্রাফিকেল প্রেজেন্ট অবশ্যই থাকবে।
- বড় কাজের প্রসিডিং গুলোর দিকে অবশ্যই নজর দিবো।
- সদস্যদের সঞ্চয়ী উত্তোলন অবশ্যই কমাতে হবে।
- শপথ গ্রহণ অনুষ্ঠানটি সার্বজনীন ভাবে করতে চেয়েছি তাই খরচ বেশী হয়েছে।
- প্রাচীর নির্মাণ ব্যয় বেশী দেখানো হয়েছে, তা রিভিউর কাজ চলছে।
- সি.এ ফার্ম দিয়ে অডিট করার পক্ষে একমত আছি। তবে খরচের বিষয়টি বিবেচনায় নিয়ে সিদ্ধান্ত নিতে চাই।
- সাসপেন্স হিসাবের ১,৬৫,৫৩৭.০০ বিল্ডিং ফান্ডে স্থানান্তর করার প্রস্তাব গ্রহণ করা হলো।
- আমাদের সময়ে অযৌক্তিক কোন খরচ করা হয়নি।
- ট্রেজারার মিঃ রনু মাইকেল গমেজ বলেন, নমিনেশন পেপার বিক্রিতে ৫০ টাকা এসেছে, সমিতি একটি উপ-আইন বিক্রি থেকে।

মি. সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং ৬৪০ বলেন, ৪ বছর ধরে সমিতির কোন প্রকৃত লাভ নেই। বিনিয়োগ এর বিষয়ে হাউস থেকে যতই প্রস্তাব আসুক সিদ্ধান্ত নিতে হবে বোর্ডকে। আগামীতে যেন নেট প্রফিট বাড়ানো যায়। যারা দীর্ঘদিন সমিতিতে শ্রম দিয়েছে তাদেরকে সমিতির বিভিন্ন প্রোগ্রামে স্মরণ করবেন। প্রয়োজনে চিন্তা করে সিদ্ধান্ত নিবেন। বিল্ডিং যেন ১০-১৫ তলা ফাউন্ডেশন দিয়ে ২-৩ তলা প্রস্তুত করেন এতে ভবিষ্যত ভাল হবে।

মি. মানিক পিউরীফিকেশন, সদস্য নং ৯৬৫ বলেন, প্রাপ্তি-প্রদান হিসাবে ৫,৫০,০০০.০০ কিসের অগ্রিম প্রদান করা হয়েছে।

মি. খ্রীষ্টফার দেশাই, সদস্য নং ১৬ বলেন, শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রাক্তন চেয়ারম্যান মি. থিওফিল রোজারিওকে কেউ মোমবাতি জ্বালানোর জন্য অনুরোধ করেনি বিষয়টি খুব ভাল হয়নি। ভবিষ্যতে এই বিষয় গুলি খেয়াল করলে ভাল হবে।

মিসেস লিওনী রোজারিও, সদস্য নং ২১৮৪ বলেন, বোর্ডে যেন মহিলা কর্মকর্তা থাকে সেদিকে নজর দিতে হবে। ঋণ দেয়ার সময় যেন যাচাই-বাছাই করে দেয়া হয়। নার্সিং প্রফেশন শিক্ষার জন্য কোন দীর্ঘ মেয়াদী ঋণ পরিকল্পনা রয়েছে কিনা।

চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন যে গুলি সার্বজনীন সিদ্ধান্ত তা অবশ্যই হাউস নিতে পারে। অগ্রিম ৫,৫০,০০০.০০ মধ্যে ১,৫০,০০০.০০ সমনয় হয়েছে বাকী ৪,০০,০০০.০০ বিল্ডিং ড্রইং ডিজাইনের জন্য দেয়া আছে। বিগত বোর্ড এই টাকা অগ্রিম দিয়ে গেছে।

মিসেস মহারানী সদস্য নং- ৯৩৫ বলেন, তিনি সবাইকে নিয়ে মিলেমিশে সমিতি পরিচালনার প্রস্তাব করেন।

মি. উইলসন রিবেরু, সদস্য নং ১৯৭৯ এর প্রস্তাবে এবং মিঃ সুরেন রিচার্ড গমেজ, সদস্য নং ৭৭৫ এর সমর্থনে আর্থিক প্রতিবেদন গৃহিত ও অনুমোদিত হয়।

**বার্ষিক আয় ব্যয়ের প্রস্তাবিত বাজেট উপস্থাপন ও অনুমোদন ঃ**

মি. সোহেল রোজারিও, সদস্য নং-২১৩৬ বলেন নির্বাচনের দিনে যেন অবশ্যই কিছু টিফিনের ব্যবস্থা করা হয়। তিনি অগ্রীম ৪,০০,০০০.০০ টাকার সম্পর্কে ব্যাখ্যা চান।

চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও বলেন পরবর্তী নির্বাচনের দিনে অবশ্যই রিফ্রেশমেন্টের ব্যবস্থা থাকবে।

মি. পল ডি কস্তা, সদস্য নং ১২১৯ বলেন, এ্যাপার্টমেন্ট ও কমার্শিয়াল কমপ্লেক্স এর বাজেট প্রস্তাবিত, সুতরাং আয় দেখানো ঠিক হয়নি। তিনি প্রস্তাব করেন সমিতির জমিতে একটি বিল্ডিং বা টাওয়ার করা হোক। তিনি আরও বলেন গ্রাম ভিত্তিক সংগঠন ব্যয় না দেখিয়ে বরং যুব সংগঠন ব্যয় দেখানো হোক। তিনি আরও প্রস্তাব করেন রিবেট প্রদান ৪০% কমিয়ে ৩০% হওয়া দরকার। তিনি পুনঃনিরীক্ষণ খরচ ২৫,০০০.০০ টাকা সম্পর্কে জানতে চান।

মি. রতন গ্রেগরী, সদস্য নং-২১০১ বলেন, প্রচার ও বিজ্ঞাপন, কম্পিউটার ক্রয় ও সংস্কারের বাবদ ব্যয়ের যে খাত গুলো রয়েছে তার প্রয়োজন নেই তিনি এগুলো বাদ দেয়ার প্রস্তাব করেন।

মি. দিলিপ পেরেরা সদস্য নং-৯৭০ তিনি প্যারিস পাস্টারাল ফান্ড ১,০০,০০০.০০ টাকা, অর্ডিনেশন ২,০০,০০০.০০ টাকা ও কর্মী আপ্যায়ন ২০,০০০.০০ টাকা সম্পর্কে জানতে চান।

মি. রনি রিচার্ড ছেড়াও সদস্য নং-২২৭৯, তিনি জানতে চান ব্রেস্ট ও জরায়ু ক্যান্সার ক্যাম্প এর জন্য রোগীদের কাছ থেকে কোন ফি ধরা